

# সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন। তারিখঃ ৩১/১০/২০২২ ইং, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

## উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে অক্টোবর/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

## আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

## আলোচ্য সূচি-২:

সভাপতি সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে ভিডলিউবি কর্মসূচীর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ২০২ টি কার্ডের বরাদ্দ পাওয়া গিয়াছে। জরুরী ভিত্তিতে উপকারভোগী নামের তালিকা প্রস্তুত পূর্বক, মহিলা বিষয়ক কর্মকর্তা, মধুখালী, ফরিদপুর প্রেরণ করার অনুমতি পাওয়া গিয়াছে। সভাপতি সাহেব সভাকে অবগত করেন যে, প্রাথমিক অবস্থায় অনলাইনের মাধ্যমে আবেদনের ভিত্তিতে সর্বমোট ৩৭২ টি আবেদনপত্র পাওয়া গিয়াছে। তারপর প্রাথমিক যাচাই-বাছাইয়ের জন্য ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রস্তুত পূর্বক ওয়ার্ড কমিটির নিকট প্রেরণ করা হয়। ওয়ার্ড কমিটি যাচাই বাছাই স্বাপেক্ষে অগ্রাধিকারের ভিত্তিতে তালিকা প্রস্তুত পূর্বক ইউনিয়ন ভিডলিউবি কমিটিতে প্রেরণ করা হয়। তারপর ওয়ার্ড কমিটি ইতিমধ্যে প্রাথমিক তালিকা চূড়ান্ত করিয়া ইউনিয়ন ভিডলিউবি কমিটিতে উপকারভোগীদের চূড়ান্ত তালিকা সুপারিশসহ প্রেরণ করিয়াছে। যাহা অত্র সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হইল। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে যাচাই বাছাই পূর্বক দৃষ্টি ও দারিদ্রতা বিবেচনা স্বাপেক্ষে নিম্নলিখিত ২০২ জন উপকারভোগীর তালিকা প্রস্তুত করা হইল এবং সরকারি নীতিমালা অনুযায়ী ১০% হিসাবে আরো ২০ জনের একটি অপেক্ষমাণ তালিকা প্রস্তুত পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা ভিডলিউবি কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত হইলো।

## আলোচ্য সূচি-৩:

সভাপতি সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে টিসিবি কর্মসূচীর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ৭৬৬ টি কার্ডের বরাদ্দ পাওয়া গিয়াছে। জরুরী ভিত্তিতে উপকারভোগী নামের তালিকা প্রস্তুত পূর্বক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মধুখালী, ফরিদপুর প্রেরণ করার অনুমতি পাওয়া গিয়াছে। সভাপতি সাহেব সভাকে অবগত করেন যে, আমাদের দ্রুত এই বিষয় নিয়ে কাজ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি সাহেব সকলকে ৭৬৬ টি কার্ড যাচাই বাছাই করা ও উপকারভোগীর তালিকা প্রস্তুত করার কথা জানান। তখন সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

## আলোচ্য সূচি-৪:

সভাপতি সাহেব সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদের চলতি অর্থবছরের ট্যাক্স আদায় ও আসেসমেন্ট নির্ধারণ করা প্রয়োজন। তখন সভায় এ বিষয়ে সকলেই একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বাড়তে না পাড়লে ইউনিয়নের উন্নয়ন বাধাগ্রস্ত হয়। আমাদের প্রধান আয়ের উৎস ইউপি ট্যাক্স। তাই ট্যাক্স আদায় সন্তোষজনক না হলে সরকার উন্নয়নমূলক কাজের জন্য কোনো বরাদ্দ প্রদান করবে না।

সেহেতু ট্যাক্স আদায় একান্ত অপরিহার্য। এ বিষয়ে ট্যাক্স আদায়ের ব্যাপারে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায়। তখন ইউপি সদস্য জনাব নুরুল ইসলাম মল্লিক প্রস্তাব করেন যে, সর্বপ্রথম বকেয়া ট্যাক্সধারীদের একটি তালিকা তৈরী করতে হবে। তখন প্রত্যেককে বকেয়াদারী দিয়ে একটি নোটিশ প্রদান করতে হবে। ট্যাক্স আদায়ের জন্য প্রতি ওয়ার্ডে উন্মুক্ত ওয়ার্ড সভা করতে হবে এবং ট্যাক্স প্রদানের বিষয়ে সচেতন করতে হবে। ট্যাক্স প্রদান না করলে কোনো প্রকার নাগরিক সুবিধা দেওয়া যাবে না। যেমনঃ নাগরিক সনদ, জন্ম সনদ, মৃত্যুসনদসহ যেকোনো প্রকার নাগরিক সুবিধা দেওয়া বন্ধ করতে হবে। এ বিষয়ে ব্যাপক আলোচনা হইলো এবং আলোচনান্তে জনাব মো: নুরুল ইসলামের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হইলো এবং ইউনিয়নের উন্নয়নের স্বার্থে ট্যাক্স পরিশোধ সাপেক্ষে চেয়ারম্যান সাহেবকে যেকোন প্রকার সনদ প্রদানের জন্য অনুরোধ করা হইলো।

#### আলোচ্য সূচি-৫:

সভাপতি সাহেব সভাকে জানান যে, সোনালী ব্যাংক লিঃ, কামারখালী শাখা, ফরিদপুর-এ চেয়ারম্যান কামারখালী ইউনিয়ন উন্নয়ন তহবিল (এলজিএসপি-৩) হিসাবের শিরোনামে একটি চলতি হিসাব নং ৩৩০০০৮১৫ খোলা আছে। উক্ত হিসাবটি ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও ইউপি মহিলা সদস্য এর দ্বারা যৌথ স্বাক্ষরে পরিচালিত হয়। ইউপি সচিব জনাব মোঃ রাকিব হোসেন এর বদলী জনিত কারণে নতুন যোগদানকৃত ইউপি সচিব জনাব আফিয়া আক্তার এর নাম অন্তর্ভুক্ত করিয়া ইউপি চেয়ারম্যান জনাব রাকিব হোসেন চৌধুরী ও ইউপি সচিব জনাব আফিয়া আক্তার এর যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হইলো।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

#### সভাপতি



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।

তারিখ: ৩১/১০/২০২২ খ্রি: